দৈনিক সংবাদ

তারিখ 14 FEB 1992
পৃষ্ঠা ৭ কলাম ৮

জামালপুরে জনসভায় প্রধানমন্ত্রী

# ছাত্ররা শিক্ষকদের হাতে জিম্মি হয়ে আছে

জামালপুর, ১৩ই ফেব্রুয়ারি (বাসস)।–প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া আজ বলেছেন যে, স্বৈরশাসকের রেখে যাওয়া অসংখ্য সমস্যা সমাধানে বর্তমান সরকার বিরামহীন প্রচেষ্টা চালিয়ে যাবে।

এখান থেকে ১২ কিলোমিটার দূরে রঘুনাথপুর জুনিয়ার গার্লস হাইস্কুল মাঠে এক বিরাট জনসভায় ভাষণ দেয়ার সময় প্রধানমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, সরকার জনগণের সঙ্গে রয়েছে। 'আপনাদের আন্তরিক সহযোগিতায় আমরা সকল সমস্যা সমাধান করতে পারব।'

প্রধানমন্ত্রী বলেন, জনগণের পাঁচটি মৌলিক চাহিদা পূরণে তার সরকার বদ্ধপরিকর। তিনি বলেন, এই জনগণই স্বৈরশাসকের বিরুদ্ধে ৯ বছর সংগ্রাম করেছে।

জেলা বিএনপি'র আহ্বায়ক শাহ মোহাম্মদ খায়রুল বাশার চিশতীর সভাপতিত্বে অনুষ্ঠিত জনসভায় বক্তৃতা করেন বিএনপি'র মহাসচিব এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী আবদুস সালাম তালুকদার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী সিরাজুল হক, বেগম রহিমা খন্দকার এমপি, জেলা মহিলা দলের আহ্বায়িকা ফিরোজা তালুকদার ও জেলা যুবদল আহ্বায়ক ইলিয়াস মর্তুজা।

প্রধানমন্ত্রী 'বানার-শশাখালী' খাল পুনঃ উদ্বোধন করেন। তিনি শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শুরু করা খাল খনন কর্মসূচীর উল্লেখ করে বলেন, জিয়াউর রহমান দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ বানাতে চেয়েছিলেন। কিন্তু খাদ্য আমদানির সময় কমিশন নেয়ার জন্য স্বৈর সরকার যে কর্মসূচী বাতিল করেছিল।

প্রধানমন্ত্রী ঃ পৃঃ ৭ কঃ ৬

## প্রধানমন্ত্রী ঃ জামালপুরে জনসভা

(১ম পাতার পর)

শিক্ষক ধর্মঘটের প্রতি ইঙ্গিত দিয়ে প্রধানমন্ত্রী বলেন, জনগণের একটি অংশের জন্য পুরো জাতিকে জিম্মি করে রাখা যেতে পারে না। তিনি বলেন, শিক্ষকরা ডিগ্রী পরীক্ষায় অংশ না নিয়ে ছাত্রদের বঞ্চিত করেছেন। ছাত্ররা শিক্ষকদের হাতে জিম্মি হয়ে আছে।

তিনি বলেন, সামর্থ্য অনুযায়ী আমরা তাদের ন্যায্য দাবী বিবেচনা করব। আমরা সকল সমস্যা সমাধান করার চেষ্টা করব কিন্তু তা পর্যায়ক্রমে করা হবে।

প্রধানমন্ত্রী দৃঢ়তার সাথে বলেন, জনগণ ও জাতিকে জিম্মি করে রাখার অধিকার কারো নেই। 'প্রয়োজন হলে সরকার কঠোর ব্যবস্থা গ্রহণ করবে।'

যারা কোন ইস্যু না পেয়েও দাবী জানাচ্ছে প্রধানমন্ত্রী তাদেরও সমালোচনা করেন। তিনি বলেন, হাতে অর্থ না থাকলে সরকার কিভাবে বোনাস দেবে। তিনি বলেন, জনগণের ওপর করের বোঝা চাপিয়ে সরকার অবৈধ দাবী মেনে নিতে পারে না।

বেগম খালেদা জিয়া এরপর 'কর্ণাঝরা মঝলিবাইশা মৃগি' খাল পুনঃখননের জন্য শেরপুর যান। খাল খনন উদ্বোধনের পর এক সমাবেশে প্রধানমন্ত্রী খাল খনন কর্মসূচী সফল করার জন্য জনগণের অংশগ্রহণের প্রয়োজনীয়তার ওপর জোর দেন।

তিনি বলেন, বন্ধ কল-কারখানা খোলার ব্যবস্থা নেয়া হচ্ছে। তিনি শেরপুরে মুক্তিযোদ্ধা ছাত্রী নিবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

02